



নং ০৫.৮৮.০০০০.০১২.৯৬.০৯৬.২৫-২৩

তারিখঃ ১২ ফাল্গুন ১৪৩২
২৫ ফেব্রুয়ারি ২০২৬

কার্যাদেশ

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির ২০২৫-২৬ অর্থবছরের গবেষণা কার্যক্রমের আওতায় প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ মূল্যায়ন শেষে নিম্নোক্ত প্রস্তাবসমূহ চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছে:

S.L	Title of the Research	PI / Lead Researcher
1.	Towards Industry 5.0: Human-Centred Automation and the Future of Bangladesh's Informal Economy	Dr. Md. Mahbubul Hakim Principal Investigator & Professor, Department of Economics Shahjalal University of Science and Technology
2.	Social Isolation of the Elderly People in Rural Bangladesh: Causes, Consequences, and Coping Mechanisms	Dr. Saidur Rahman Principal Researcher & Associate Professor, Institute of Social Welfare and Research, University of Dhaka
3.	Adapting the Minimum Survival Expenditure Index (MSEI) for Bangladesh: A Comprehensive Study on Basic Living Standards and Policy Implications	Dr. Munshi Naser Ibne Afzal Associate Professor Department of Economics, SUST, Bangladesh.
4.	Challenges of Microfinance program in Bangladesh: A study on Debt Trap	Dr. Md. Mizanur Rahman Team Leader & Director (Research), BARD, Cumilla

২। গবেষণা কার্যক্রম জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (NAPD)-এর গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৫ এবং ২০২৫-২৬ অর্থবছরের টার্মস অব রেফারেন্স (ToR) অনুযায়ী পরিচালিত হবে।

৩। গবেষণা প্রতিবেদন গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত না হলে কিংবা গবেষণা পরিচালক/গবেষক কর্তৃক গবেষণা পরিত্যাজ্য হলে উক্ত গবেষণা বাতিল বলে গণ্য হবে এবং গৃহিত সমুদয় অর্থ গবেষণা পরিচালক/গবেষক একাডেমির হিসাব শাখায় ফেরত দিতে বাধ্য থাকবেন।

৪। গবেষকবৃন্দ ইনসেপশন রিপোর্ট, ড্রাফট ফাইনাল রিপোর্ট এবং ফাইনাল রিপোর্ট নির্ধারিত তারিখে NAPD-এর সভাকক্ষে গবেষণা কমিটির সম্মুখে উপস্থাপন করবেন।

৫। ২০২৫-২৬ অর্থবছরে প্রতি গবেষণার জন্য সর্বমোট ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। সেমিনার, মূল্যায়ন ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য টাকা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) বরাদ্দ হতে কর্তন করা হবে। অবশিষ্ট অর্থ গবেষণা পরিচালক (টিম লিডার) এর নামে উত্তোলনযোগ্য হবে। গবেষণা পরিচালক (টিম লিডার) ভ্যাট, আয়কর পাবলিক প্রকিউরমেন্ট রুলস (PPR)-২০২৫ অনুসরণপূর্বক যথাযথ হিসাব প্রদান করবেন।

৬। প্রতিটি গবেষণা কার্যক্রমের মেয়াদ সাধারণভাবে অর্থবছরের (জুলাই-জুন) মধ্যে সীমিত থাকবে।

৭। প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অর্থ দুই কিস্তিতে প্রদান করা হবে। প্রথম কিস্তিতে গবেষণা বাজেটের শতকরা ৬০ ভাগ অর্থ গবেষণা পরিচালক (টিম লিডার) এর অনুকূলে অগ্রিম প্রদান করা হবে। অবশিষ্ট ৪০ ভাগ অর্থ চূড়ান্ত প্রতিবেদন ও বিল ভাউচার জমা দেওয়ার পর প্রদান করা হবে।

৮। প্রতিটি গবেষণা দলে NAPD-এর একজন অনুযয় সদস্য গবেষণা দলের সদস্য হবেন।

৯। ইনসেপশন রিপোর্ট উপস্থাপনের সময় ইনসেপশন রিপোর্ট ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর পৃথক ০৮ (আট) কপি (হার্ড কপি) NAPD-তে দাখিল করতে হবে।

১০। গবেষণা প্রতিবেদন চূড়ান্তকরণের পূর্বে মূল্যায়ন কমিটির প্রদত্ত মন্তব্য ও পর্যালোচনাসমূহ অন্তর্ভুক্ত করতে হবে।

১১। গবেষণা শেষে চূড়ান্ত প্রতিবেদনের সফট কপি এবং ১০ (দশ) কপি (বুক বাইন্ডিং) NAPD-তে দাখিল করতে হবে।

এই কার্যাদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



(ড. প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ)

পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।

ফোন: ০২২২৩৩৬৫৩৫১

ইমেইল: dir.research@napd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ড. মোঃ মাহবুবুল হাকিম, অধ্যাপক, অর্থনীতি বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়;
২. ড. সাইদুর রহমান, সহযোগী অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়;
৩. ড. মুন্সী নাহের ইবনে আফজাল, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়;
৪. ড. মোঃ মিজানুর রহমান, পরিচালক (গবেষণা), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড);

অবগতি ও কার্যার্থে প্রেরণঃ

- ১। সিস্টেম এনালিস্ট (অ: দা:), এনএপিডি (এনএপিডির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, এনএপিডি;
- ৩। হিসাবরক্ষন কর্মকর্তা, এনএপিডি;
- ৪। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি;
- ৫। পরিচালক (গবেষণা ও প্রকাশনা), প্রশা. ও অর্থ) ও (প্রশিক্ষণ) এর ব্যক্তিগত সহকারী, এনএপিডি;
- ৬। অফিস কপি।